



বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

বিষয়ঃ ‘SMS routing on MNP issues’ সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভার তারিখ : ০৬ ফেব্রুয়ারি, ২০১৯
সময়: বিকাল ৩:০০ ঘটিকা
স্থান: বিটিআরসি কার্যালয়, রুম নং-৭১১।
সভাপতি: কমিশনার, সিস্টেমস এন্ড সার্ভিসেস বিভাগ।

সভার উপস্থিতিঃ পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি সভায় আলোচ্য বিষয়সমূহ সকলের অবগতির জন্য উপস্থাপন করেন। সভায় আলোচনান্তে সর্বসম্মতিক্রমে আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

আলোচ্য বিষয়	সভার আলোচনা	সিদ্ধান্ত
০১। মোবাইল নাম্বার পোর্টাবিলিটি সার্ভিস গ্রহণ পরবর্তী এসএমএস প্রদানে MNPS হতে ডিপিং সার্ভিস গ্রহণ প্রসঙ্গে।	<p>সভাপতি আলোচ্য বিষয়ে বিস্তারিত আলোচনার জন্য পরিচালক (এসএস) কে অনুরোধ জানালে পরিচালক (এসএস) বলেন গত ০১ অক্টোবর ২০১৮ তারিখে মোবাইল নাম্বার পোর্টাবিলিটি সার্ভিসটি কার্যক্রম শুরু করে। শুরুর প্রথম দিক গ্রাহকদের এ সার্ভিসটি গ্রহণের ক্ষেত্রে যথেষ্ট সাড়া পাওয়া গেলেও নানাবিধ কারণে বর্তমানে গ্রাহকগণ এমএনপি সার্ভিস গ্রহণে তেমন আগ্রহ প্রকাশ করছে না। সার্ভিসটি সুষ্ঠুভাবে পরিচালনার জন্য যে সকল প্রতিবন্ধকতার সম্মুখীন হয়েছে বিটিআরসি তা সংশ্লিষ্ট অংশীজনের সাথে আলোচনার মাধ্যমে সমস্যা সমাধান করেছে। বর্তমানে এমএনপি সার্ভিস গ্রহণের ফলে গ্রাহকগণ টাকা আদান প্রদানের তথ্য, OTP, বিভিন্ন ধরনের নোটিফিকেশন এসএমএস এর মাধ্যমে গ্রহণ হতে বঞ্চিত হচ্ছে যার ফলে এই সার্ভিসটি গ্রহণে গ্রাহকের বিরূপ মনোভাব প্রকাশ পাচ্ছে যা সার্ভিসগ্রহণে এমএনপি সার্ভিস প্রদানে বড় অন্তরায়। এছাড়াও MNPS সার্ভিস প্রদানকারী প্রতিষ্ঠানটিও আর্থিকভাবে ক্ষতির সম্মুখীন হচ্ছে।</p> <p>পরিচালক (এসএস) এ পর্যায়ে সকল এসএমএস সার্ভিস প্রোভাইডারদের এসএমএস সার্ভিস প্রদানে MNPS হতে ডিপিং সার্ভিস গ্রহণের ক্ষেত্রে কি ধরনের প্রতিবন্ধকতা রয়েছে সে বিষয়ে মতামত প্রদানের জন্য আহ্বান জানালে, SSL নামক Bulk SMS সার্ভিস প্রোভাইডারের এক প্রতিনিধি জানান যে, তারা মূলতঃ বিভিন্ন ধরনের প্রতিষ্ঠানের পক্ষে এসএমএস প্রদান করে থাকে এবং ঐ সকল প্রতিষ্ঠান শুধুমাত্র SSL এর প্ল্যাট ফর্ম ব্যবহার করে থাকে। তিনি আরোও বলেন MNPS হতে ডিপিং সার্ভিস গ্রহণ করার ক্ষেত্রে ডিপিং করা বাবদ যে আর্থিক বিষয় উল্লেখ রয়েছে সে অর্থ প্রদানের বিষয়ে সংশ্লিষ্ট ব্যাংক/প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করা হলেও তাদের থেকে আশানুরূপ কোন সাড়া পাওয়া যায়নি। এছাড়াও বিকাশ ও রকেট প্রতিষ্ঠানদ্বয় তৃতীয় পক্ষ হতে টাকা লেনদেনের তথ্য গ্রাহকদের প্রদান করে না। এ সম্পর্কে তিনি আরও বলেন যে সকল নাম্বার এমএনপি সার্ভিস গ্রহণ করেছে শুধুমাত্র সে সকল নাম্বারের জন্য চার্জ প্রদানে তাদের কোন দ্বিমত নেই কিন্তু তাদের সিস্টেমের সকল নাম্বারের জন্য চার্জ প্রদান করা কতটা যুক্তিসংগত এবং উক্ত চার্জ তাদের হতে সেবা গ্রহণকারীরা প্রদান না করার বিষয়টি সভাকে অবহিত করেন।</p>	সভায় Bulk sms service provider ছাড়াও উপস্থিত সকল ডিপিং সার্ভিস গ্রহণের জন্য তাদের সংশ্লিষ্ট সার্ভিস গ্রহণকারীদের সার্বিক বিষয়াদি উল্লেখ করে পত্র প্রেরণ করবে এবং উক্ত পত্রের ছায়ালিপিসহ নিজস্ব মতামত আগামী ১৭ ফেব্রুয়ারি ২০১৯ এর মধ্যে কমিশনে দাখিল করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।

৩৫৮৬




বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

<p>এ পর্যায়ে রবি প্রতিনিধি জানান যে সার্ভিসটি শুরুর দিকে গ্রাহকের এই সেবাটি গ্রহণে যে আগ্রহ ছিল বর্তমানে সেটা হ্রাস পেয়েছে। এ ক্ষেত্রে তিনি বলেন শুধুমাত্র ডিপিং সার্ভিসের জন্য সার্বিকভাবে এমএনপি সেবাটি হমকির সম্মুখীন হচ্ছে। তিনি ডিপিং সার্ভিস চার্জ হ্রাস করার মাধ্যমে এমএনপি সেবা সহজীকরণ করা যায় কিনা সে বিষয়ে সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন।</p> <p>সভায় Bulk sms service provider ছাড়াও উপস্থিত সকল ডিপিং সার্ভিস গ্রহণের জন্য তাদের সংশ্লিষ্ট সার্ভিস গ্রহনকারীদের সার্বিক বিষয়াদি উল্লেখ করে পত্র প্রেরণ করবে এবং উক্ত পত্রের ছয়ালিপি আগামি ১৭ ফেব্রুয়ারি ২০১৯ এর মধ্যে কমিশনে দাখিল করার ব্যাপারে সকলে একমত পোষণ করেন।</p>	
--	--

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।


৭.২.১৯
(মোঃ রেজাউল কাদের)

কমিশনার

সিস্টেমস এন্ড সার্ভিসেস বিভাগ, বিটিআরসি

ই-মেইলঃ commissionero@btrc.gov.bd

স্মারক নং- ১৪.৩২.০০০০.০০৬.৪১.১৫১.১৮.৫৩

তারিখঃ ০৭/০২/২০১৯খ্রিঃ

বিতরণঃ সদয় কার্যার্থে :

০১। চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা, সকল মোবাইল অপারেটর।

০২। ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা/পরিচালক, সকল Bulk SMS Service provider।

বিতরণঃ সদয় জ্ঞাতার্থে :

০১। মহাপরিচালক, ইঞ্জিনিয়ারিং এন্ড অপারেশন্স ডিভিশন, বিটিআরসি।

০২। ব্যবস্থাপনা পরিচালক, Infozillion Teletech BD, ৯ মহাখালী সি/এ (১২ তলা), ঢাকা-১২১২।